

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৭৬/২০১৬

অভিযোগকারী : জনাব জান্নাতুল ফেরদৌস জুয়েল
পিতা:-মো: বদিয়াজ্জামান
ঠিকানা-মুন্সীপাড়া, ডাকঘর-গাইবান্ধা
উপজেলা ও জেলা-গাইবান্ধা
(সাংবাদিক, গাইবান্ধা প্রতিনিধি, আরটিভি
ও দৈনিক সকালের খবর)।

প্রতিপক্ষ : জনাব মোঃ সিদ্দিকুর রহমান
উপসহকারী প্রকৌশলী
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা পরিষদ, গাইবান্ধা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৮-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী অভিযোগকারী ০৫-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা পরিষদ, গাইবান্ধা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. গাইবান্ধা জেলা পরিষদের হিসাব রক্ষক মাহবুব পারভেজ পঞ্চগড় থেকে গাইবান্ধা জেলা পরিষদে যোগদানের অফিস আদেশ ও এলপিসির ফটোকপি।
 ২. হিসাব রক্ষক মাহবুব পারভেজ পঞ্চগড় জেলা পরিষদে কর্মরত থাকাকালে অর্থ আত্মসাতসহ বিভিন্ন জালিয়াতির সাথে জড়িয়ে পড়েন। হিসাব রক্ষক মাহবুব পারভেজ এর বিরুদ্ধে পঞ্চগড় জেলা পরিষদের চেক জালিয়াতিসহ বিভিন্নভাবে প্রায় ২৪ লক্ষ টাকা আত্মসাতের ঘটনায় তদন্ত প্রতিবেদন, মাহবুব পারভেজের স্বীকারোক্তির ফটোকপি।
 ৩. আত্মসাতসহ বিভিন্ন জালিয়াতির ঘটনায় মাহবুব পারভেজকে, গাইবান্ধা জেলা পরিষদ ও মন্ত্রণালয়কে দেয়া পঞ্চগড় জেলা প্রশাসক ও পঞ্চগড় জেলা পরিষদের পক্ষ থেকে অফিস আদেশের ফটোকপি।
 ৪. হিসাব রক্ষক মাহবুব পারভেজের অর্থ আত্মসাতের প্রতিটি খাত আলাদা করে ঘটনার তারিখসহ সংক্ষিপ্ত বর্ণনা ও তার বিরুদ্ধে অদ্য ০৫.০১.২০১৬ তারিখ পর্যন্ত কি ধরনের ব্যবস্থা নেয়া হয়েছে তার অফিস আদেশের ফটোকপি।
 ৫. পঞ্চগড় জেলা পরিষদের অর্থ আত্মসাতের ঘটনায় হিসাব রক্ষক মাহবুব পারভেজকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশের ফটোকপি।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০৭-০২-২০১৬ তারিখে জনাব মোঃ এ,কে,এস মাহবুবুর রহমান, প্রধান নির্বাহী কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জেলা পরিষদ, গাইবান্ধা, বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৯-০৩-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৮-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীর প্রার্থিত তথ্য যথাসময়ে সরবরাহ না করে বরং কালক্ষেপণ করছেন।

৫। প্রতিপক্ষ জনাব মোঃ সিদ্দিকুর রহমান, উপসহকারী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা পরিষদ, গাইবান্ধা, তার বক্তব্যে উল্লেখ করেন যে, স্মারক নং জেপ/গাই/১২৩২ তারিখঃ ২৩-২-২০১৬ এর মাধ্যমে অভিযোগকারীকে তার চাহিত তথ্যের মধ্যে দুটি তথ্য প্রদান করেছেন। অবশিষ্ট তথ্য গাইবান্ধা জেলা পরিষদে সংরক্ষিত থাকা সাপেক্ষে অভিযোগকারীকে প্রদান করা হবে মর্মে কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর চাহিত তথ্যের মধ্যে দুটি তথ্য স্মারক নং জেপ/গাই/১২৩২ তারিখঃ ২৩-২-২০১৬ এর মাধ্যমে সরবরাহ করেছেন। তথ্য কমিশনের নিকট অবশিষ্ট তথ্যাদি সরবরাহযোগ্য বিবেচনায় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবশিষ্ট তথ্য প্রদান করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ২০ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাঙ্গ তথ্য (যা গাইবান্ধা জেলা পরিষদে সংরক্ষিত রয়েছে), তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ সিদ্দিকুর রহমান, উপসহকারী প্রকৌশলী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা পরিষদ, গাইবান্ধা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার

[বে.স]